উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

**উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর আগস্ট/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: তৌহিদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ২৯ আগস্ট ২০২৪ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা প্রশাসনিক কনফারেন্স কক্ষ, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে অনুমোদনের প্রস্তাব করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | সভায় বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্ত পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৯৮, তারিখ: ১৮/০৮/২০২৪ খ্রি. মূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ১৩ঘ মোতাবেক ৬ষ্ঠ উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয়কে অপসারণ করায় স্থায়ী কমিটির সুপারিশ নেই। | - | - |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | ক) উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সার্বিক নিরাপত্তা নিশ্চিতে নিয়োজিত ৪জন আনসার সদস্যের মজুরী বাবদ জুলাই/২০২৪ ও আগস্ট/২০২৪ মাসে ৩৯দিনে মোট ৬৯,১২০/- (উনসত্তর হাজার একশত বিশ) টাকা এবং উপজেলা সার্বিক নিরাপত্তায় নিয়োজিত সেনাবাহিনীর আবাসন ও অন্যান্য উপকরণ বাবদ সহযোগিতা বাবদ ৩টি বিলে যথাক্রমে ৪১,৪৫০/- (একচল্লিশ হাজার চারশত পঞ্চাশ); ৪৪,১৪১/- (চুয়াল্লিশ হাজার একশত একচল্লিশ) ও ৪৯,৩১৫/- (উনপঞ্চাশ হাজার তিনশত পনের) টাকার বিল সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>খ) আগস্ট/২০২৪ মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ক) উপজেলা পরিষদে সোলার সিস্টেম স্থাপন, রাস্তা মেরামত ও অন্যান্য অনুদান খাতে বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) উপস্থাপিত আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিভিন্ন বিভাগীয় ও অন্যান্য কার্যক্রম পর্যালোচনা | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, সাম্প্রতিক সময়ে তিন দফা বন্যার কারণে প্রায় সকল রাস্তাঘাট নষ্ট হয়েছে। এরপর আগস্ট ২০২৪ এর শেষার্ধে মাঝারি প্রকৃতির ৪র্থ দফা বন্যা সংগঠিত হয়েছে। তিনি জানান, যেসকল রাস্তার কাজ চলমান রয়েছে বন্যায় সেসকল রাস্তা বেশি ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি জানান, ইতোমধ্যে তোয়াকুল-সালুটিকর রাস্তাসহ কয়েকটি রাস্তার মেরামত কাজ শুরু হয়েছে। তিনি সভায় আরও বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে পুরাতন ও নতুন হলরুম মেরামত বাবদ যথাক্রমে ৪৫,৭৫০/- (পঁয়তাল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা ও ৩৮,৩৫০/- (আটত্রিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার বিল দাখিল করা হলেও উক্ত খাতে তহবিল স্বল্পতার কারণে বিল পরিশোধ করা হয়নি। তিনি এ বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, বন্যায় রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হওয়ায় এলাকার স্বাভাবিক | ক-১) বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামতের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে স্কিম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ক-২) উপস্থাপিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা নির্বাহী অফিসার |

৪

| | | | | |
|---|---|---|---|---|
| | | যোগাযোগ ব্যবস্থা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এসকল রাস্তা মেরামত কিংবা নির্মাণে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন বলে সভায় চেয়ারম্যানগণ জানান। উপজেলা নির্বাহী অফিসার আলোচনা অংশ নিয়ে বলেন, বন্যায় উপজেলার ছোট-বড় অনেক রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে এসকল ক্ষতিগ্রস্থ রাস্তা অগ্রাধিকার ভিত্তিতে মেরামত পূর্বক যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক রাখতে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | | |
| | | খ) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন, আমন আবাদের লক্ষমাত্রা ১৭৮৩৩ হে. এর মধ্যে ২৮/০৮/২৪ খ্রি. পর্যন্ত ১৪৬৭২ হে. আবাদ করা হয়েছে এবং অবশিষ্ট আবাদ কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান, সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ৩৪২৭ হে. আমন, আমন বীজতলা ৪৪ হে. ও সবজি ০৫ হে. এর আমন ২৫২ হে. আমন বীজতলা ০৪ হে. সবজি ২ হে. ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি সভায় বলেন, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের বিনামূল্যে বিতরণের জন্য ২৫০ জনের আমন পুনর্বাসন এর বরাদ্দ পাওয়া যায় এবং কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। রোপাআমন মৌসুমে সারের কোন সংকট নেই পর্যাপ্ত সার মজুদ রয়েছে মর্মে সভায় জানান। | খ) কৃষির আবাদ বৃদ্ধি ও পতিত জমি চাষাবাদের আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার ও সকল ইউপি চেয়ারম্যান |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার স্ট্রোক করে বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন। তাঁর শারিরীক অবস্থার আপডেট জানানোর জন্য তিনি উপস্থিত মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধিকে অনুরোধ করেন। তিনি বলেন, অন্তর্বর্তিকালীন সরকার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি বিলুপ্ত ঘোষণা করায় এসকল প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখা এবং পরবর্তী সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জরুরী। সভায় উপস্থিত চেয়ারম্যানগণ বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সঠিক তদারকি না থাকায় এসকল প্রতিষ্ঠানে অব্যবস্থাপনা নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ সকল প্রতিষ্ঠানে বিদ্যালয় ব্যবস্থাপনার দায়িত্বে শিক্ষা সংক্রান্ত এবং আর্থিক ও অন্যান্য সকল বিষয়ে নিয়মিতভাবে তদারকিসহ অডিট, আর্থিক, শিক্ষার্থীদের নিয়মিত পাঠ্যানুশীলন, পাঠ্যাভ্যাস এবং পড়ালেখায় মনোনিবেশে বিশেষ ভূমিকা পালনে উদ্যোগ গ্রহণ করা হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | গ-১) শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভা নিয়মিতকরণের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হয়।<br><br>গ-২) যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিষয়ে অভিযোগ কিংবা সমস্যা রয়েছে সেসকল শিক্ষকদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| | | ঘ) উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, বিদ্যালয়ের এসএমসি কমিটি অন্তরবর্তীকালীন সরকার কর্তৃক বাতিল ঘোষিত হয়েছে। এডহক কমিটি গঠন করে বিদ্যালয় পরিচালিত হবে। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, পার্শ্ববর্তী মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক, জমিদাতা ও প্রধান শিক্ষক এই ৪জন এর মাধ্যমে এডহক কমিটি গঠিত হবে। তিনি জানান, কমিটি বাতিল হলেও শ্রেণি পাঠদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি সভায় বলেন, সানকিভাঙ্গা সপ্রাবি এর সামনের রাস্তা ভেঙে যাওয়ায় রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। হাটগ্রাম বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণে জমি সংক্রান্ত জটিলতা নিরসনে সহকারী কমিশনার (ভূমি) মহোদয় কাজ করছেন মর্মে সভাকে জানানো হয়। তিনি সভায় জানান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে বিভিন্নভাবে হুমকি দেয়া হচ্ছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, কোন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বা অন্য কাউকে হয়রানীর উদ্দেশ্যে হুমকি বা বাঁধা দিলে সংশ্লিষ্টদের উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনার পরামর্শ দিবেন। | ঘ-১) প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি সঠিকভাবে পরিচালনার অনুরোধ জানানো হয়।<br><br>ঘ-২) যেসকল বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ বা জমি সংক্রান্ত বিষয়ে জটিলতা রয়েছে সেগুলি স্ব স্ব দপ্তরের সমন্বয়ে নিরসনের অনুরোধ জানানো হয়।<br><br>ঘ-৩) বিদ্যালয় পরিচালনার বিষয়ে জটিলতার সম্মুখিন হলে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার |
| | | ঙ) উপ-সহকারী প্রকৌশলী সভায় বলেন, জেলায় ২ হাজার ৮ শত টিউবওয়েল বরাদ্দ এসেছে এর মধ্যে গোয়াইনঘাট উপজেলায় ৩২৫টি নলকূপ বরাদ্দ রয়েছে। তিনি বলেন, প্রকৃতপক্ষে যেসকল স্থানে নলকুপের প্রয়োজনীয়তা রয়েছে তদন্তপূর্বক সেসকল স্থানে অগ্রাধিকার ভিত্তিতে নলকুপ স্থাপন করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, যে এলাকায় | ঙ) নলকূপের উপ-বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সঠিকভাবে যাচাই-বাছাই পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| | | | |
|---|---|---|---|
| | পাইপলাইনে পানি সরবরাহ করা হচ্ছে সে এলাকায় উক্ত বরাদ্দ হতে নলকূপ কম নিতে হবে। এ সময় উপস্থিত চেয়ারম্যানগণকে তালিকা প্রস্তুতের ক্ষেত্রে অধিকতর যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রেরণের অনুরোধ করা হয়। | | |
| | চ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রতিনিধি সভায় বলেন, মাঙ্কিপক্স ভাইরাসের প্রাদুর্ভাবে শরীরে স্কিন ডিজিজ হিসেবে লক্ষ্মণ দেখা দেয়। তিনি বলেন, স্কিনে এধরনের সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে হাসপাতালে যোগাযোগ করতে হবে এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা নিলে সুস্থ হওয়া যাবে। তিনি আরও জানান, এ রোগ একটি ছোয়াচে এবং এ রোগ সাধারণত ভারত ভ্রমণকারীদের মধ্যে বেশি পরিলক্ষিত হয়। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, তামাবিল চেক পোস্টে যাত্রী স্ক্রিনিংয়ের জন্য একটি মেডিকেল টিম রাখা জরুরী। | চ) মাঙ্কিপক্স ভাইরাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে উদ্যোগ ও তামাবিল স্থল বন্দরে যাত্রী স্ক্রিনিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| | ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন, উপজেলার বিভিন্ন রাস্তাঘাটের কাজ হয়েছিলো কিন্তু বন্যার কারণে নষ্ট হওয়ায় বিল ছাড়করণে জটিলতা দেখা দিয়েছে। তিনি জানান, যেসকল রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে সেসকল রাস্তা প্রেরিত ডি-ফরম অন্তর্ভুক্ত থাকলে এবং কাজ সঠিকভাবে বাস্তবায়ন হয়েছে মর্মে প্রতিয়মান হলে ও প্রয়োজনীয় ছবি উপস্থাপনের মাধ্যমে বিল দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে। আলোচনায় অংশ নিয়ে ইউপি চেয়ারম্যানগণ সমাপ্তকৃত যেসকল রাস্তাঘাটের বিল প্রদান করা হয়নি ও বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলোর প্রয়োজনীয় প্রমাণক সাপেক্ষে বিল প্রদানের অনুরোধ করেন। | ছ) যেসকল প্রকল্পের কাজ বাস্তবায়ন হয়েছে সেসকল প্রকল্পের বিল ছাড়করণে অধিকতর যাচাই-বাছাই পূর্বক উপস্থাপনের অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | জ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিগত ৫ আগস্ট ২০২৪ পরবর্তী সময়ে উপজেলা পরিষদ কমপ্লেক্স প্রায় অরক্ষিত হয়ে পড়েছে। তিনি জানান, পূর্বে যেসকল পকেট গেইট সুরক্ষিত করা হয়েছিল সেগুলি কিছু অসাধু ব্যক্তিরা নষ্ট করে ফেলেছে। তিনি এসকল পকেট পুনরায় মেরামত পূর্বক বন্ধ করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। আলোচনায় অংশ নিয়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, ইতোপূর্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে চুরি ও ছিনতাইসহ কয়েকটি অনাকাঙ্খিত ঘটনা ঘটেছে। তাছাড়া উপজেলা পরিষদ কমপ্লেক্স এ বহিরাগত অপরিচিত ব্যক্তিদের আনাগোনা ইদানিং বেশি পরিলক্ষিত হচ্ছে। উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত না করা হলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণসহ বসবাসরত পরিবারসমূহ আতংকের মধ্যে থাকবেন। তিনি আরও বলেন, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর চারপাশে অনেক ভবন নির্মাণ করা হয়েছে সেগুলির সংযোগ রাস্তা নেই, সঠিক পরিকল্পনা না করেই এসকল ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত এসকল ভবনসমূহ সঠিকভাবে অনুমোদিত হয়েছে কিনা এবং সঠিক পরিকল্পনার মাধ্যমে নির্মাণ করা হয়েছে কিনা এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা জরুরী। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে জানান, পকেট গেইটসমূহ বন্ধকরণসহ বাউন্ডারি দেয়ালের উপরে রাউন্ড আকারে কাঠা তাঁরের ব্যবস্থা করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জ-১) উপজেলা পরিষদ কমপ্লেক্স এর বাউন্ডারি দেয়ালের পকেট গেইট বন্ধকরণ ও দেয়ায়ের উপরে রাউন্ড আকারে কাঠাতাঁর জরুরী ভিত্তিতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>জ-২) উপজেলা পরিষদ কমপ্লেক্স এর চতুর্দিকে নির্মিত ভবন ও অন্যান্য ভবন নির্মাণের সময় প্রাক্কলন বিধি মোতাবেক অনুমোদনসহ সঠিক পরিকল্পনা মোতাবেক নির্মাণ করা হয়েছে কিনা তা খতিয়ে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় **যথাসময়ে** উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: তৌহিদুল ইসলাম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ৮২২ তারিখ : ০৮-০৯-২০২৪ খ্রি.

০০-০১। মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
০০-০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। উপজেলা ........................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
০৮-২২। চেয়ারম্যান/প্রশাসক........................................ ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। জনাব........................................................গোয়াইনঘাট, সিলেট।

০৮/০৯/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট